# চট্টগ্রাম সিটি কর্পোরেশন

## জনসংযোগ শাখা, চট্টগ্রাম

মোবাইল: ০১৮১৯-৯৩০৪৮৮

**তারিখ: ১৮.০৩ ,২০২৫**

**প্রেস বিজ্ঞপ্তি**

### চসিকের পরিচ্ছন্ন বিভাগের সাথে বৈঠকে মেয়র ডা. শাহাদাত
### প্রতিদিন ২ বার মশার ঔষুধ ছিটানো নিশ্চিত করতে হবে

মশার উপদ্রব থেকে জনগণকে বাঁচাতে প্রতিদিন দু'বার করে মশা নিয়ন্ত্রণের ঔষধ ছিটানোর বিষয়টি নিশ্চিত করার নির্দেশ দিয়েছেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র ডা. শাহাদাত হোসেন। প্রয়োজনে মশা নিয়ন্ত্রণে ঔষুধ ক্রয়, যন্ত্রপাতি সংগ্রহ ও নতুন কৌশল খুঁজে বের করার নির্দেশ দিয়েছেন তিনি।মঙ্গলবার টাইগারপাসস্থ চসিক কার্যালয়ে পরিচ্ছন্ন বিভাগের সাথে আয়োজিত মতবিনিময় সভায় মেয়র ডা. শাহাদাত হোসেন এ নির্দেশ দেন। এছাড়া কর্তৃপক্ষকে অবহিত না করে যৌক্তিক কারণ ছাড়া কেউ ৭ কর্মদিবস অনুপস্থিত থাকলে তাকে চাকরি থেকে বরখাস্তের ঘোষণা দেন মেয়র। মেয়র বলেন, মশার ঔষধের পূর্বের ঘাটতি মেটাতে পর্যাপ্ত ঔষধ সংগ্রহ করা হয়েছে। বর্তমানে মশার প্রাদুর্ভাবের কারণে, জনগণকে ডেঙ্গু ও কিউলেক্স থেকে রক্ষায় প্রতিদিন দুই বার মশা নিয়ন্ত্রণের ঔষধ ছিটানো হচ্ছে। মেয়র জানান, তিনি নিজে মাঠ পর্যায়ে মশার ওষুধ ছিটানোর কার্যক্রম পর্যবেক্ষণ করছেন এবং প্রতিটি ওয়ার্ড থেকেও তথ্য সংগ্রহ করছেন। কর্তৃপক্ষকে না জানিয়ে যৌক্তিক কারণ ছাড়া ৭ কর্মদিবস অনুপস্থিত থাকলে সংশ্লিষ্ট ব্যক্তি চাকরি হারাবেন। সিডিএ'র জলাবদ্ধতা নিরসন প্রকল্পের কাজের জন্য ঠিকাদার কর্তৃক নির্মিত অস্থায়ী বাঁধের কারণে কোথাও কোথাও হঠাৎ করে পানি উঠে রাস্তা ডুবে যাচ্ছে। এমন কোনো ঘটনা ঘটলে কর্তৃপক্ষকে অবহিত করার জন্য মেয়র অনুরোধ করেছেন। ওয়ার্ডে ওয়ার্ডে অভিযান চালানোর ফলে নগরীর পরিচ্ছন্ন কার্যক্রমে উন্নতি লক্ষ করা গেলেও, আসন্ন বর্ষায় জলাবদ্ধতা ও মশা নিয়ন্ত্রণে ওয়ার্ডভিত্তিক মনিটরিং অব্যাহত থাকবে বলে জানিয়ে তিনি বলেন, ১০০ পিস ফগার মেশিন ও ১২০ পিস স্প্রে মেশিন কেনা হয়েছে। সামাজিক দায়বদ্ধতার অংশ হিসেবে বিভিন্ন ব্যাংক চট্টগ্রাম সিটি কর্পোরেশনকে (চসিক) ডেঙ্গু ও মশা নিয়ন্ত্রণে অত্যাধুনিক ফগার মেশিন দান করেছে। আরো কিছু প্রতিষ্ঠানও এ ব্যাপারে ইতিবাচক সাড়া দিয়েছে। জলাবদ্ধতা নিরসনে নালা-খাল পরিষ্কারের জন্য ৫ কোটি টাকা ব্যয়ে দুটি ব্যাকহোলোডার গাড়ি কেনা হয়েছে। ব্যবসা প্রতিষ্ঠানগুলোতে ৪০ হাজার বিন বিতরণের উদ্যোগ নেয়া হয়েছে। জনগণের মশার কামড় ও স্বাস্থ্যঝুঁকি থেকে রক্ষায় সবাইকে কার্যকর ভূমিকা পালন করতে হবে। মেয়র জনসচেতনতার উপর জোর দিয়ে বলেন, "আপনারা জনসচেতনতা বৃদ্ধি করুন, আমিও চেষ্টা করছি। ডেঙ্গু প্রতিরোধে বিভিন্ন জায়গায় নালা, ঝোপ-ঝাড় পরিষ্কার রাখা, লিফলেট বিতরণ, সচেতনতা বৃদ্ধি জরুরি। অন্যথায়, জনগণের আমরা কোন উপকারে আসতে পারব না। মশার প্রজনন রোধে, কোথাও ডাবের খোসা, বালতি, নির্মাণ সামগ্রী উন্মুক্ত রাখা যাবে না। এতে পানি জমে এডিস মশার লার্ভা জন্মায়। বাসায় টব, বালতিতে দুই তিন দিন পানি জমিয়ে রাখা যাবে না। খোলা জায়গায় টব রেখে পানি জমা করা যাবে না। কারণ ওখানে পানি জমলেই মশার লার্ভা জন্মাবে।" সভায় আরো উপস্থিত ছিলেন প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা ইখতিয়ার উদ্দিন আহমেদ চৌধুরী, উপ-প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা প্রণব কুমার শর্মাসহ পরিচ্ছন্ন বিভাগের কর্মকর্তা-কর্মচারীবৃন্দ।



### অসচ্ছল রোজাদারদের পাশে বিত্তবানদের এগিয়ে আসা উচিত: মেয়র শাহাদাত

বিত্তবানদের অসচ্ছল রোজাদারদের সহায়তায় এগিয়ে আসার আহবান জানিয়েছেন সিটি মেয়র ডাঃ শাহাদাত হোসেন। মঙ্গলবার চট্টগ্রাম মহানগর স্বেচ্ছাসেবক দলের সাবেক যুগ্ম সাধারণ সম্পাদক ওয়াকিল হোসেন বগা'র ব্যক্তিগত উদ্যোগে ইফতার সামগ্রী বিতরণ অনুষ্ঠান পাহাড়তলী কলেজ মাঠ প্রাঙ্গণে অনুষ্ঠিত হয়। ওয়াকিল চৌধুরী বগা'র সভাপতিত্বে এতে প্রধান অতিথি ছিলেন সিটি মেয়র ডাঃ শাহাদাত হোসেন। এসময় আরো উপস্থিত ছিলেন পাহাড়তলী বিশ্ববিদ্যালয় কলেজের অধ্যক্ষ শ্যামল কান্তি মজুমদার ,মহানগর স্বেচ্ছাসেবক দলের সাবেক সাংগঠনিক সম্পাদক জিয়াউর রহমান জিয়া, শাহাব উদ্দিন, বিল্লাল হোসেন বাবু, মনির হোসেন ইমন,আল আমিন মিয়া, সাঈদুর রহমান ইসমাইল বাবু, রকি হোসেন, জামাল।এসময় মেয়র ডাঃ শাহাদাত হোসেন বলেন, "রমজান হলো আত্মসংযম ও ইবাদতের মাস। এ মাসে সমাজের অসহায় ও সুবিধাবঞ্চিত মানুষের পাশে দাঁড়ানো আমাদের নৈতিক দায়িত্ব।" তিনি বিত্তবানদের প্রতি আহ্বান জানিয়ে বলেন, "অর্থনৈতিকভাবে অস্বচ্ছল রোজাদারদের সহায়তার জন্য এগিয়ে আসতে হবে, যেন তারা সহজেই রোজা রাখতে পারে।"তিনি আরো বলেন, আমরা সবসময় জনগণের সেবা করতে প্রতিশ্রুতিবদ্ধ। বিএনপির দলের মূল কাজ হচ্ছে জনগণের পাশে থাকা। বাংলাদেশ জাতীয়তাবাদী দল করোনার সময় আমরা কাজ করেছে। হাজার হাজার মানুষকে দুঃসময় সাহায্য করেছে। এখনো বিএনপি ক্ষমতায় নেই। ভবিষ্যতে বিএনপি ক্ষমতায় আসবে আমরা জনগণের পাশে আরো বেশি বেশি থাকবো। আমি হয়তোবা আল্লাহর অসীম রহমতে আপনাদের দোয়ায় মেয়র

হয়েছি। কিন্তু বিএনপি এখনো ক্ষমতায় আসেনি। বিএনপি ক্ষমতায় গেলে প্রতিটি নাগরিককে একটা হেলথ কার্ড দেয়ার চিন্তা আছে আমাদের এবং এই কার্ডগুলো আমরা যদি আপনাদেরকে নিশ্চিত করতে পারি তাহলে আমরা জনগণের মৌলিক চাহিদা নিশ্চিত করতে পারবো।

## জিইসি মোড়ে ফুটপাতে মালামাল রাখায়
## ৫ প্রতিষ্ঠানকে ১৮ হাজার ৫ শত টাকা জরিমানা

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট চৈতী সর্ববিদ্যা এর নেতৃত্বে আজ নগরীতে জিইসি মোড়ে অভিযান পরিচালিত হয়। অভিযানে অবৈধভাবে ফুটপাত দখল করে জেনারেটর সহ ব্যবসা প্রতিষ্ঠানের মালামাল রেখে জনদুর্ভোগ সৃষ্টি করার অপরাধে ৫ ব্যক্তির বিরুদ্ধে মামলা রুজু পূর্বক ১৮ হাজার ৫ শত টাকা জরিমানা আদায় করা হয়।

## অসচ্ছল রোজাদারদের পাশে দাড়ানো মহৎ ইবাদত: মেয়র শাহাদাত

মরহুম আশরাফ খান ফাউন্ডেশনের উদ্যোগে সেহেরী ও ইফতার সামগ্রী বিতরণ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে। রিয়াদ খানের সভাপতিত্বে অনুষ্ঠিত এই অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চট্টগ্রাম সিটি মেয়র ডাঃ শাহাদাত হোসেন। মঙ্গলবার এ উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে মেয়র ডাঃ শাহাদাত হোসেন বলেন, "অর্থনৈতিকভাবে অস্বচ্ছল রোজাদারদের সহায়তার জন্য এগিয়ে আসতে হবে, যেন তারা সহজেই রোজা রাখতে পারে। প্রতি বছর রিয়াদ খান এই মহৎ উদ্যোগটি গ্রহণ করেন, যা সমাজের সাধারণ মানুষের জন্য এক অনন্য সহায়তা। রিয়াদ খানের মাধ্যমে আমরা দেখতে পাচ্ছি, বিএনপি কীভাবে জনগণের পাশে দাঁড়িয়েছে এবং এই কার্যক্রমটি এরই একটি উৎকৃষ্ট উদাহরণ। দেশনেত্রী বেগম খালেদা জিয়া ও তারেক রহমানের নির্দেশনায় বিএনপি জনগণের কল্যাণে কাজ করে যাচ্ছে এবং এটি ভবিষ্যতেও অব্যাহত থাকবে। আপনারা আমাদের নেত্রী বেগম খালেদা জিয়া ও আমাদের নেতা তারেক রহমানের জন্য দোয়া করবেন। আর বিশেষ করে মরহুম আশরাফ খান সাহেবের ছেলে রিয়াদ খান যিনি বারবার অনুষ্ঠানগুলো করে আপনাদেরকে অনেক সাহায্য করেছেন আপনারা তার জন্য দোয়া করবেন। আসুন সবাই মিলে ক্লিন, গ্রিন হেলদি চট্টগ্রাম গড়ে তুলি। এসময় আরো উপস্থিত ছিলেন চট্টগ্রাম মহানগর বিএনপির সাবেক সাধারণ সম্পাদক আবুল হাসেম বক্কর ,চট্টগ্রাম মহানগর বিএনপির সদস্য কামরুল ইসলাম, বিএনপি নেতা আবু সৈয়দ, শামছুল হক, যুবদল নেতা হাসান টিপু, ইদ্রিস, জাকির, রুবেল, গাফার, আরজু, মহানগর ছাএদলের সাবেক যুগ্ম সাধারণ সম্পাদক মোহাম্মদ সাদ্দাম হোসাইন, জুলফিকার, রায়হান সিদ্দিকী, ঈসা সিদ্দিকী, ফয়সাল, হামিদ, যুবরাজ, রাসেল, সানি, সেচ্ছাসেবক দলঃ আরজু, মোরশেদ।

## বহদ্দারহাট কাঁচা বাজার ব্যবসায়ী কল্যান সমিতি ও বরাদ্দ প্রাপ্ত দোকান স্টল মালিক সমিতি'র আয়োজনে প্রায় ৫০০ মানুষের মাঝে ইফতার সামগ্রী বিতরণ করা হয়েছে।

মঙ্গলবার ১৮ই মার্চ বহদ্দারহাট বাজার এলাকায় ইফতার সামগ্রী বিতরণ অনুষ্ঠানে দোকান স্টল মালিক সমিতির সভাপতি হাজী ইলিয়াস সেকু'র সভাপতিত্বে ও চাঁন্দগাও থানা যুবদলের সাবেক আহবায়ক গোলজার হোসেনের সঞ্চালনায় এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চট্টগ্রাম সিটি কর্পোরেশন মেয়র ডা শাহাদাত হোসেন। এতে প্রধান বক্তা হিসেবে উপস্থিত ছিলেন চট্টগ্রাম দক্ষিণ জেলা বিএনপির সাবেক আহবায়ক আলহাজ্ব আবু সুফিয়ান। বিশেষ অতিথি হিসেবে আরো উপস্থিত ছিলেন চট্টগ্রাম মহানগর বিএনপির সাবেক সহ-সভাপতি মাহবুবর আলম,সাবেক মৎস্য বিষয় সম্পাদক আলহাজ্ব বখতিয়ার, বিনপির সাবেক সহ-আপ্যায়ন বিষয়ক সম্পাদক আবদুল আজিজ, চাঁন্দগাও থানা বিএনপির সাবেক সভাপতি গিয়াস উদ্দিন ভূঁইয়া, চট্টগ্রাম মহানগর যুবদলের সাবেক সহ-সভাপতি ম.হামিদ,কাঁচা বাজার ব্যবসায়ী সমিতির সভাপতি জানে আলম,সাধারণ সম্পাদক বদি সওদাগর, মহানগর যুবদলের সহ-সম্পাদক মোহাম্মদ সাইদুল ইসলাম,মহানগর স্বেচ্ছাসেবক দলের সাবেক যুগ্ম সম্পাদক এম. আবু বক্কর রাজু, স্টোর মালিক সমিতির যুগ্ম সাধারণ সম্পাদক ইকবাল হোসেন, চান্দগাঁও থানা স্বেচ্ছাসেবক দলের সভাপতি সাজিদ হাসান রনি, আবু বক্কর বাবু, জহিরুল ইসলাম, স্বেচ্ছাসেবক দলের সাদ্দাম হোসেন, বিএনপি নেতা আবদুল মান্নান, খোরশেদ আলম, মুকতিয়ার,মোহাম্মদ মুরাদ,মঞ্জুর আলম,শিপু সহ বিএনপি ও অঙ্গসংগঠনের নেতৃবৃন্দ সহ বহদ্দারহাট বাজার সমিতির নেতৃবৃন্দ।



স্বাক্ষরিত/-
(আজিজ আহমদ)
জনসংযোগ ও প্রটোকল কর্মকর্তা
চট্টগ্রাম সিটি কর্পোরেশন।
মোবাইল-০১৮১৯-৯৩০৪৮৮